# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃ dgmlad1@krishibank.org.bd


সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৩(৭)/২০২২-২০২৩/১১৮৭(১২৫০) তারিখঃ ১০/১১/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
সকল উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ কৃষি ঋণ প্রদানের ক্ষেত্রে কৃষকের সার্বিক কৃষিভিত্তিক অর্থনৈতিক কর্মকান্ডকে বিবেচনায় নিয়ে একাধিক খাতে ঋণ প্রদানের বিষয়ে স্পষ্টিকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ কৃষি প্রধান দেশ। বর্তমানে এদেশে জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে দেশের মাথাপিছু আবাদি জমির পরিমাণ ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে। তবে প্রযুক্তির উন্নয়ন ও শিক্ষিত জনবলের কৃষিতে অন্তর্ভূক্তির ফলে কৃষি ক্ষেত্রে নতুন নতুন উপখাত সৃষ্টি হয়েছে। ফলে একজন কৃষক এখন শুধুমাত্র শস্য চাষ করেই জীবিকা নির্বাহ করেন না বরং কৃষিভিত্তিক অন্যান্য কর্মকান্ড, যেমন-মৎস্য চাষ, গবাদি পশু পালনসহ ইত্যাদি কৃষি কাজে নিজেকে নিয়োজিত রাখছেন। শুধুমাত্র একটি খাতে ঋণ প্রদান করা হলে কৃষক তার অন্যান্য কর্মকান্ডে বাংলাদেশ সরকারের ঋণ সুবিধা থেকে বঞ্চিত হবেন।

০৩। এমতাবস্থায়, কৃষি অর্থনীতিতে বিনিয়োগ বৃদ্ধি ও স্বল্প সুদে কৃষি ঋণ সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি ঋণ প্রদানের ক্ষেত্রে শুধুমাত্র আবাদি জমি বিবেচনায় না নিয়ে একজন কৃষকের সার্বিক কৃষিভিত্তিক অর্থনৈতিক কর্মকান্ডকে বিবেচনায় নিয়ে ঋণ প্রাপ্যতা হিসাবায়ন করে প্রচলিত নীতিমালায় একজন কৃষককে শস্য ঋণের পাশাপাশি মৎস্য চাষ ও গবাদি পশু পালন সহ ভিন্ন ভিন্ন খাতে ঋণ প্রদান করা যাবে। তবে, একই ব্যক্তিকে একাধিক খাতে ঋণ প্রদানে বিদ্যমান ব্যবসায়িক ক্ষমতা এবং বাংলাদেশ ব্যাংক ও অত্র ব্যাংকের অনুসৃত নীতিমালা যথাযথ ভাবে অনুসরন পূর্বক ঋণ মঞ্জুরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

১০/১১/2022

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১

নং- প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৩(৭)/২০২২-২০২৩/১১৮৭(১২৫০) তারিখঃ ১০/১১/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত সার্কুলার লেটারটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটের উন্মুক্ত জোনে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

১০/১১/২০২২
(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক